



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)**

**WEST BENGAL STATE COMMITTEE**

**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**

**Mob: 9883717575, 8420094883**

**Email: [cpdrs.india@gmail.com](mailto:cpdrs.india@gmail.com)**

বাংলাদেশের সাম্প্রতিক অস্থির পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২৮.১১.২০২৪) এক বিবৃতিতে বলেন,

“আমাদের প্রতিবেশী দেশ বাংলাদেশে উদ্ভূত বর্তমান পরিস্থিতিতে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস অত্যন্ত উদ্বেগ প্রকাশ করছে। সেদেশের গণহত্যাকারী ফ্যাসিবাদী শক্তি ও মৌলবাদী সম্প্রদায়িক শক্তি সংখ্যালঘু সম্প্রদায়ের উপর হামলা চালিয়ে সারাদেশে একটি অস্থিতিশীল সাম্প্রদায়িক পরিবেশ সৃষ্টি করছে। এই পরিবেশে শুধু সংখ্যালঘু সম্প্রদায় নয়, সর্বস্তরের সাধারণ মানুষও নিরাপত্তাহীনতায় আতঙ্কিত।

বিগত জুলাই-আগস্ট মাসের গণঅভ্যুত্থানে হিন্দু মুসলমান নির্বিশেষে সকল ধর্ম সম্প্রদায়ের মানুষ ঐক্যবদ্ধভাবে প্রাণ দিয়েছেন একটা গণতান্ত্রিক বৈষম্যহীন বাংলাদেশের জন্য। ধর্মীয় বৈষম্য, অর্থনৈতিক বৈষম্য, নারী-পুরুষের বৈষম্যসহ সমাজে বিদ্যমান সকল বৈষম্যের অবসান চেয়েছিলেন তাঁরা। কিন্তু সে দেশের সাম্প্রদায়িক মৌলবাদী শক্তিগুলি দাঙ্গা লাগিয়ে গণঅভ্যুত্থানের সময় গড়ে ওঠা সামাজিক ঐক্য ও সংহতি নষ্ট করে দিতে চাইছে। এক্ষেত্রে সেদেশের অন্তর্বর্তীকালীন সরকারের ভূমিকাও প্রশ্নাতীত নয়। এটা অত্যন্ত আশার কথা, সে দেশের অসাম্প্রদায়িক গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ এমনকি সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষেরাও সামাজিক ঐক্য বিনষ্টকারী শক্তিকে প্রতিহত করে সুস্থ সুন্দর গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করার উদ্যোগ নিচ্ছেন।

পাশাপাশি, বাংলাদেশের এই অস্থির সময়ে, আমাদের দেশ ভারতবর্ষে সত্য মিথ্যা মেশানো গুজব ছড়িয়ে, এ দেশের সাম্প্রদায়িক শক্তি জনগণের ঐক্যকে বিনষ্ট করার মারণ খেলায় মেতেছে, আমরা এজন্যও অত্যন্ত উদ্বেগ। আজ রুটি-রুজি জল-জঙ্গল সহ বেঁচে থাকার অধিকার যখন ভুলুগুটিত, তখন সাম্প্রদায়িক চিন্তা অত্যাচারী শাসকের হাতকেই শক্ত করে। তাই মানবাধিকার রক্ষার স্বার্থে, নবজাগরণের উন্নত চেতনায় ধর্মনিরপেক্ষতার মহৎ চিন্তাকে পাথেয় করে, সর্বস্তরের জনসাধারণের কাছে সামাজিক ঐক্য রক্ষা করার আবেদন জানাই।”

সংবাদদাতা রাজীব সিকদার (অফিস সম্পাদক)

